

উত্তরা ইউনিভার্সিটিতে ভর্তির মেলা

উত্তরা ইউনিভার্সিটিতে স্থায়ী ক্যাম্পাসে শুরু হয়েছে ভর্তির মেলা স্প্রিং-২০২৫। বুধবার সকাল ১১টায় ভর্তির মেলার উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। মেলা চলবে ২১ জানুয়ারি পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলরুমে মেলা উপলক্ষ্যে বিভিন্ন বিভাগের ১৪টি স্টল ও বিভিন্ন ক্লাবের প্রদর্শনসহ মোট ২৭ স্টল রয়েছে। যেখানে সব স্নাতক প্রোগ্রামে ২৫-১০০ শতাংশ স্কলারশিপ এবং সব স্নাতকোত্তর প্রোগ্রামে ২৫-৫০ শতাংশ স্কলারশিপে ভর্তি চলছে। এ মেলায় ভর্তি হলে শিক্ষার্থীরা স্পেশাল স্কলারশিপের পাশাপাশি আকর্ষণীয় ব্যাগ ও অন্যান্য উপহার পাবে।

ভাইস-চ্যান্সেলর বলেন, 'উত্তরা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ৪০টি প্রোগ্রাম চালু রয়েছে। মেলা উপলক্ষ্যে ভর্তি ফি ও টিউশন ফিতে নানাবিধ সুযোগ ও স্কলারশিপ দিচ্ছি।' অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন—উত্তরা ইউনিভার্সিটি উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামীসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ডিরেক্টর, শিক্ষক ও শিক্ষার্থী। —প্রেস বিজ্ঞপ্তি